গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
www.fpo.sadar.munshiganj.gov.bd

**উপজেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির ফেব্রুয়ারি ২০২৪ মাসের সভার কার্য বিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আফিফা খান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ |
| সভার তারিখ | : | ২৭/০২/২০২৪খ্রি: |
| সময় | : | দুপুর১২:০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ যুবায়ের,উপপরিচালক, স্থানীয় সরকার৷ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। । সভার প্রারম্ভে বিগত সভার সিদ্ধান্ত সমূহ পাঠ করে শুনানো হয় এবংকোন সংশোধনী না থাকায় তা অনুমোদিত ও গৃহীত হয়:অত:পর সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনার বিষয় বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ইউনিয়ন ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতিঃ** সভাকে অবহিত করা হয় যে, উপজেলাধীন ০৯ টি ইউনিয়নের আওতায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম চলমান।সভায় প্রধান অতিথি জনাব মোঃ যুবায়ের,উপপরিচালক, স্থানীয় সরকার ইউনিয়ন ভিত্তিক জন্ম নিবন্ধন হার ১০০% অর্জন নিশ্চিত করার জন্য চেয়ারমান ও সচিবদের পরামর্শ দেন। এছাড়া, ০১ বছর বয়সের শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংগ্রহের জন্য স্ব-স্ব অধিক্ষেত্রাধীন এলাকার মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মী এবং গ্রাম পুলিশ ও মসজিদের ইমামদের সহযোগিতা নেয়ার জন্যও পরামর্শ প্রদান করেন। উপজেলা স্বাস্থ্য প. প. কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে মনিটরিং কার্যক্রম বাড়ানোর জন্য অনুরোধ করেন। | ক) স্বস্ব অধিক্ষেত্রাধীন এলাকার মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মী এবং গ্রাম পুলিশ ও মসজিদের ইমামদের মাধ্যমে ০-১ বছর বয়সের শিশুর জন্ম ও মৃত্যু তথ্য সংগ্রহ করতে হবে। প্রাপ্ত তথ্য সাপ্তাহিক ভিত্তিতে উপজেলায় প্রেরণ করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পঃপঃকর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর<br>২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর<br>৩. ইউ.পি চেয়ারম্যান (সকল), মুন্সীগঞ্জ সদর |
| ০২ | **জন্ম নিবন্ধন বৃদ্ধিতে বিভিন্ন পদক্ষেপঃ** চেয়ারম্যানদের তদারকি পূর্বক জন্ম নিবন্ধন বাড়াতে স্বাস্থ্যকর্মী, পরিবার পরিকল্পনা দপ্তরের সুপার ভাইজার এবং গ্রাম পুলিশদের সহযোগিতায় ৪৫দিনের মধ্যে তথ্য নিয়ে জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে। | ক) স্বাস্থ্যকর্মী,পরিবার পরিকল্পনা দপ্তরের সুপারভাইজার এবং গ্রাম পুলিশদের যুক্ত করা। | ক) উপজেলা স্বাস্থ্য প. প. কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউ,পি চেয়ারম্যান (সকল) মুন্সীগঞ্জ সদর |
| ০৩ | **জন্ম ও মৃত্যু নিবন্ধন সভা নিয়মিত অনুষ্ঠানঃ** সভাকে অবহিত করা হয় যে ,ইউনিয়ন পর্যায়ে টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছেনা। উপপরিচালক,স্থানীয় সরকার মহোদয় জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত আহবান করার তাগিদ দেন। এ কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে প্রতি মাসে এ সভা আয়োজন করা হলে এ কাজে সুফল পাওয়া যেতে পারে। সভায় ট্যাগ অফিসারকেও উপস্থিত রাখতে হবে। | স্ব-স্ব ইউনিয়নের দায়িত্বে নিয়োজিত ট্যাগ অফিসারের উপস্থিতিতে ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসে জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা করতে হবে। সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ইউ.পি চেয়ারম্যান (সকল), মুন্সীগঞ্জ সদর |
| ০৪ | **বিবিধঃ** উপপরিচালক,স্থানীয় সরকার মহোদয় জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। ইউনিয়নের অভিভাবক হিসেবে প্রত্যেক চেয়ারম্যানকে দায়িত্ব সচেতন হতে গুরুত্বারোপ করেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে কি কি সুবিধা এবং অসুবিধা আছে তাই চেয়ারম্যানদের তদন্ত করে জানাতে | ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সুবিধা ও অসুবিধা সম্পর্কে অবহিতকরণ এবং নিবন্ধনপত্রে কিউআরকোড ব্যবহার করতে হবে।<br>খ)ওয়ার্ড পর্যায়ে সচেতনতামূলক | ক. ইউ,পি চেয়ারম্যান (সকল), মুন্সীগঞ্জ সদর<br>খ.উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা,মুন্সীগঞ্জ সদর,<br>গ.. উপজেলা |

Afi

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হবে। তুমি জন্ম নিবন্ধনের মাধ্যমে প্রতিষ্ঠানের মানবাধিকার কার্ড তৈরি করে নিচ্ছে। সকল ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বার ও সচিবদের জন্ম নিবন্ধনের সময় সঠিক তথ্য যাচাই করে ভূমিকা পালন করতে হবে। ইমামগণ বা আনিবার্য ভাবে নিবন্ধন সহ কিউআরকোড ব্যবহার করা যেতে পারে। এর মাধ্যমে নিবন্ধন সনদের সঠিকতা যাচাই করা সম্ভব হবে। জন্ম মৃত্যু নিবন্ধনের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সকলকে মাইকিংয়ের মাধ্যমে প্রচার চালানো হচ্ছে। উপসহকারী, স্থানীয় সরকার মন্ত্রণালয় ইউনিয়ন ভিত্তিক জন্ম মৃত্যু নিবন্ধনের তথ্য যাচাই- বাছাই করেন এবং কম অগ্রগতি ইউনিয়নকে নিবন্ধনের হার বাড়ানোর প্রয়োজনীয় পরামর্শ দেন।<br>প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, জন্ম মৃত্যু নিবন্ধনের বিষয়টি গুরুত্বপূর্ণ। বিভিন্ন কাজে সনদের জন্য প্রয়োজন হয়। এ বিষয়ে সচেতনতামূলক সভা আয়োজন করা যেতে পারে। তিনি আরো বলেন মাতৃত্বকালীন ভাতাসহ অন্যান্য ভাতা ভোগীদের ক্ষেত্রে সঠিক জন্ম নিবন্ধন থাকা আবশ্যক। বিভিন্ন ইউনিয়নের সচিবগণ জন্ম নিবন্ধন করার ক্ষেত্রে সার্ভারের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন এবং নতুন টার্গেট নির্ধারণ করার কথা বলেন। রামপাল সচিব বলেন, নিয়মিত আপলোড করতে সমস্যা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভার সভাপতি বলেন, সার্ভারের সমস্যা সাময়িক। একই সময়ে সার্ভার ব্যবহারকারীর সংখ্যা অধিক হলে সার্ভারের গতি কমে যেতে পারে।<br>তিনি আরও বলেন, জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরো গতিশীল করতে মনিটরিং গ্রুপসহ What's app গ্রুপ খোলা যেতে পারে। গ্রুপে সাপ্তাহিক ও মাসিক কাজের অগ্রগতি সহজেই জানা যাবে। তাছাড়া, শিশুর জন্মের পর অভিভাবকের নিকট অভিনন্দন পত্র এবং মৃত্যুর পর শোকবার্তা প্রেরণের উদ্যোগ নেয়া যেতে পারে। এরফলে সাধারণ মানুষের মধ্যে জন্ম-মৃত্যুনিবন্ধন কাজে তথ্য দিতে আগ্রহ বৃদ্ধি পাবে। জাতীয় পর্যায়ে পঞ্চসার ইউনিয়ন পুরস্কৃত হওয়ায় সংশ্লিষ্ট ইউ, পি চেয়ারম্যান ও সচিবকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সভা সমাবেশ ও মাইকিংয়ের মাধ্যমে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br>খ) শিশু জন্মের পর অভিভাবকের নিকট অভিনন্দন পত্র এবং মৃত্যুর পর শোকবার্তা প্রেরণের উদ্যোগ নিতে হবে।<br>গ) বিভিন্ন ইউনিয়ন পরিষদ থেকে জন্ম নিবন্ধন সনদের পূর্বে আবেদনকারীর সঠিক জন্ম তারিখ নিশ্চিত হতে হবে।<br>ঘ) ইউ, পি চেয়ারম্যান ও সচিবগণকে যুক্ত করে What's app গ্রুপ খোলার উদ্যোগ নিতে হবে। | সকল কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর ও ইউ,পি চেয়ারম্যান (সকল), মুন্সীগঞ্জ সদর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আফিফা খান
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর
ও
সভাপতি
উপজেলা জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি

স্মারকনম্বর: ০৫.৩০.৫৯৫৬.০০০.১৪.০০১.১৪-৫৫/১(৮)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ / ০৩মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ

৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
৪. মেয়র, মুন্সীগঞ্জ/মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ সদর
৫. উপজেলা................................কর্মকর্তা,মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
৬. জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি চেয়ারম্যান,..................ইউনিয়ন পরিষদ (সকল), মুন্সীগঞ্জ সদর
৭. জনাব......................................সদস্য, উপজেলা জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি
৮. অফিস কপি

০৬/০৩/২০২৩

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
ও
সদস্য সচিব,
উপজেলা জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি
মুন্সীগঞ্জ সদর